



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
<http://www.dwa.gov.bd>



শেখ হাসিনার বারতা

নারী-পুরুষ সমতা

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৬.২৫.০০১.১৩.১৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯

০৭ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ১৩৬টি উপজেলায় “মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের (wtc)” প্রশিক্ষণ ব্যয় অর্ধেককরণ প্রসংগে।

সূত্র: অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১ তারিখ ০৩ জুলাই, ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরের দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে মর্মে অর্থ মন্ত্রণালয় হতে সূত্রোস্থ স্মারকে পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত,)। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ১৩৬টি উপজেলায় “মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (wtc)” প্রত্যেক উপজেলায় ৩০জন করে ০৪টি ব্যাচে বছরে (৪ x ৩০)=১২০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

চলতি অর্থবছরের জুলাই/২০২২ থেকে সেপ্টেম্বর/২০২২ সেশনে ৩০জন করে প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকায় পরবর্তী প্রতিব্যাচে ১০ (দশ)জন করে (৩ ব্যাচ x ১০ জন)=৩০(ত্রিশ) জনকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

১২-৯-২০২২

মনোয়ারা ইশরাত

পরিচালক

ফোন: ০২-৫৮৩১০৬২৯

ফ্যাক্স: ০২-৪৮৩২১০৩২

ইমেইল:

dwadhaka.director@gmail.com

বিতরণ :

- ১) উপপরিচালক (সকল) জেলা পর্যায় (তঁার জেলাধীন উপজেলাসমূহে ব্যবস্থা গ্রহণের জন্য)
- ২) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েবসাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৩) মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)